

ফেসবুকে পোস্ট দিয়ে কুয়েট শিক্ষকের ক্লাসে ফেরার ঘোষণা

খুলনা অফিস



ফাইল ছবি

ফেসবুকে পোস্ট দিয়ে ক্লাসে ফেরার ঘোষণা দিয়েছেন খুলনা

প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) এক শিক্ষক।

আগামীকাল বৃহস্পতিবার (১৭ জুলাই) থেকে ক্লাসে যাওয়ার কথা

জানান শিক্ষক আতাউর রহমান।

ফেসবুক পোস্টে তিনি লেখেন, ‘আগামীকাল থেকে আমি ক্লাসে

যাব। শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিত থাকার জন্য অনুরোধ করছি।

,

নিজের পোস্টের কমেন্টে তিনি লেখেন, ‘যে সব সম্মানীত

শিক্ষকবৃন্দ ক্লাস নিতে চান, আসেন একটা হোয়াটসঅ্যাপ গ্রুপে

আলোচনা করি। এভাবে কুয়েটকে চলতে দেওয়া যায় না।’

অপর এক কমেন্টে তিনি আলো লেখেন, ‘শিক্ষার্থীরা ক্লাসে যাবে।

যে সব শিক্ষক উক্ত ক্লাসে যাবে না ওনাদের লিস্ট করে ইউজিসি
এবং শিক্ষা মন্ত্রণালয়ে পাঠাতে হবে।

,

এদিকে, কুয়েটের ভিসি নিয়োগ না হওয়া পর্যন্ত একজনের ওপর
আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি
কমিশনের (ইউজিসি) পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট
বিভাগের পরিচালক মোহাম্মদ জামিনুর রহমানকে এ দায়িত্ব
দেওয়া হয়। গতকাল মঙ্গলবার (১৫ জুলাই) শিক্ষা মন্ত্রণালয় থেকে
এ সংক্রান্ত পত্র জারি করা হয়।

পত্রে উল্লেখ করা হয়, ‘ইউজিসি’র পাবলিক বিশ্ববিদ্যালয়
ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক মোহাম্মদ জামিনুর রহমানকে
কুয়েটের ভাইস চ্যাপেলের নিয়োগ না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের
শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মাসিক বেতন-ভাতাদি প্রদানের
নিমিত্ত সাময়িক সময়ের জন্য আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

,

গত ১৮ ফেব্রুয়ারি থেকে কুয়েটের ক্লাস-পরীক্ষা সব বন্ধ।

